

-জ্ঞাতব্য বিষয়

- ১। মনোনয়ন পত্র বিতরণ ও জমা গ্রহণ, বাছাই, বৈধ ও বাতিলকৃত তালিকা প্রকাশ, চূড়ান্ত বৈধ তালিকা প্রকাশ ও প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ সংক্রান্ত যাবতীয় কার্যাদি নির্বাচন কমিটি কর্তৃক টুঙ্গিপাড়া ইউসিসিএ লি: এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে এবং আপীল আবেদন দাখিল, স্থানীয় গ্রহণ ও আপীলের রায় প্রদান বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। আগামী ২০.০৫.২০২৪ খ্রি: তারিখে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন “ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ এ অনুষ্ঠিত হবে।
- ২। টুঙ্গিপাড়া ইউসিসিএ লি: কর্তৃক নির্ধারিত ফি রশিদ মূলে পরিশোধ স্বাপেক্ষে তফসিলে বর্ণিত স্থান, তারিখ ও সময়ে নির্বাচন কমিটির নিকট থেকে মনোনয়ন পত্র সংগ্রহ করতঃ রশিদ এর কপি মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত পূর্বক দাখিল করতে হবে।
- ৩। নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণ সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৭(৬), ১৮(৮), ১৯ এবং ৩৭ ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ ও ৮৮ বিধি অনুযায়ী প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।
- ৪। নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম নির্ভুলভাবে পূরণ করতঃ তফসিলে বর্ণিত নির্ধারিত সময়সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়নপত্রে প্রার্থীর স্বাক্ষর টুঙ্গিপাড়া ইউসিসিএ লি: সভাপতি কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে এবং উপজেলা সমবায় অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ/জেলা সমবায় অফিসার, গোপালগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে প্রেরিত মনোনয়নপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৫। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের ছয়ালিপি সংযুক্ত করতে হবে। প্রার্থীর ছবি টুঙ্গিপাড়া ইউসিসিএ লি: সভাপতি কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ/জেলা সমবায় অফিসার, গোপালগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।
- ৬। অসম্পূর্ণ, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য পরিবেশন করা, নির্বাচন কমিটির চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলপত্র মনোনয়নপত্রের সাথে সংযুক্ত না করা এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ অনুযায়ী অযোগ্য প্রার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এয়াড়া প্রার্থীকে টুঙ্গিপাড়া ইউসিসিএ লি: উপ-আইনে উল্লেখিত অন্যান্য যোগ্যতা পূরণ করতে হবে।
- ৭। একই প্রতীকের জন্য এশাধিক প্রার্থী দাবি করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন। নির্ধারিত প্রতীকের তুলনায় প্রার্থীর সংখ্যা বেশি হলে নির্বাচন কমিটি অতিরিক্ত নতুন প্রতীক নির্ধারণ পূর্বক বরাদ্দ প্রদান করবেন।
- ৮। ভোটের তালিকায় অন্তর্ভুক্ত নেই এমন কোন সদস্য নির্বাচনে অংশগ্রহণ বা ভোট প্রদান করতে পারবেন না।
- ৯। নির্বাচন কমিটি কর্তৃক জারিকৃত নির্বাচনী আচরন বিধি সকল প্রার্থী এবং সদস্যকে মেনে চলতে হবে।
- ১০। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে সঙ্গায়োগ করা যেতে পারে। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(বাসুদেব ব্যানার্জী)
সদস্য, নির্বাচন কমিটি
টুঙ্গিপাড়া ইউসিসিএ লি:

(সঞ্জয় কুমার বিশ্বাস)
সদস্য, নির্বাচন কমিটি
টুঙ্গিপাড়া ইউসিসিএ লি:


(মুহাম্মদ জাকারিয়া)
সভাপতি, নির্বাচন কমিটি
টুঙ্গিপাড়া ইউসিসিএ লি:

স্মারক নং

তারিখ : ১৫.০৪.২০২৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জনাবসদস্য নং..... টুঙ্গিপাড়া ইউসিসিএ লি:
- ২। উপজেলা চেয়ারম্যান, টুঙ্গিপাড়া।
- ৩। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
- ৪। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ৬। জেলা সমবায় অফিসার, গোপালগঞ্জ।
- ৭। উপজেলা সমবায় অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, গোপালগঞ্জ।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ১০। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ও সদস্য সচিব, টুঙ্গিপাড়া ইউসিসিএ লি: টুঙ্গিপাড়া। তাঁকে উক্ত নির্বাচনী তফসিল সকল সদস্য, স্থানীয় দৈনিক ও জাতীয় দৈনিক সহ ব্যাপক প্রচার ১৭.০৪.২০২৪ খ্রি: তারিখের মধ্যে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ১২। সমিতির নোটিশ বোর্ড।
- ১৩। অফিস কপি।


সভাপতি
নির্বাচন কমিটি
টুঙ্গিপাড়া ইউসিসিএ লি:
ও
উপজেলা সমবায় অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ